# কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ১০

## আরবি মূল আয়াত:

وَ النَّخلَ بٰسِقٰتٍ لَّهَا طَلعٌ نَّضِیدٌ ﴿۱۰﴾

## অনুবাদসমূহ:

আর সমুন্নত খেজুরগাছ, যাতে আছে গুচ্ছ গুচ্ছ খেজুর ছড়া, — আল-বায়ান

আর উঁচু খেজুর গাছ যাতে আছে খেজুর গুচ্ছ স্তরে স্তরে সাজানো। — তাইসিরুল

ও সমুন্নত খেজুর বৃক্ষ, যাতে আছে গুচ্ছ খেজুর – — মুজিবুর রহমান

And lofty palm trees having fruit arranged in layers - — Sahih International

### ১০. ও সমুন্নত খেজুর গাছ যাতে আছে গুচ্ছ গুচ্ছ খেজুর—

-

তাফসীরে জাকারিয়া

### (১০) আর উঁচু উঁচু খেজুর বৃক্ষ; যাতে আছে কাঁদি কাঁদি খেজুর --[1]

[1] بَاسِقَاتٌএর অর্থ طِوَالاً شَاهِقَاتٍসুউচ্চ। طَلْعٌবলে সেই জালি খেজুরকে যা প্রাথমিক অবস্থায় (মোচার ভিতরে) থাকে। نَضِيْدٌএর অর্থ স্তরে স্তরে (বা থোকায় থোকায়) বিন্যস্ত। ‘বহু বাগান’-এর আওতায় খেজুরের গাছও এসে যায়। তবুও তাকে পৃথকভাবে বিশেষ করে উল্লেখ করেছেন। এ থেকে খেজুরের সেই গুরুত্ব স্পষ্ট হয়ে যায়, যা আরববাসীদের কাছে রয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4640

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন